

## 💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

## ২.১৩ ইমামতি ও ইকতিদা

ইমাম অর্থ নেতা। সালাত আদায়ে তিনি নেতৃত্ব দেন। সকল শ্রেণীর মুসল্লী তার নেতৃত্বে সালাতে রুকু সিজদা দেন, উঠেন ও বসেন। তার তাকবীর ধ্বনি শুনে সকলে তার অনুকরণ ও অনুসরণ করেন, কেউই তা লজ্ঘন করে না। ইমামের এরূপ অনুসরণই হলো ইকতিদা। এজন্য ইমাম সাহেব হবেন সর্বপ্রথম সুন্দর চরিত্র মাধুর্যের অধিকারী। মানুষকে সদুপদেশ যা দেবেন তা সর্বাগ্রে আমল করবেন তিনি। তার কথা ও কাজ হবে এক রকম। তিনি হবেন সকলের মান্যবর, পরামর্শদাতা, কল্যাণকামী ও শুধানুধ্যায়ী। নিজের আখলাক তিনি এমনভাবে বন্টন করবেন, যাতে তিনি হতে পারেন সকলের শ্রদ্ধাভাজন। যা তিনি বয়ান করবেন আগে তার সত্যতা ও বিশুদ্ধতা যাচাই করে কথা বলবেন। তিনি হবেন সকলের দৃষ্টান্ত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12923

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন